



INTERNATIONAL ASSOCIATION FOR
PERFORMING ARTS AND RESEARCH

বিশ্ব নাট্য দিবসের বার্তা

সাল : ২০২২

বার্তা প্রদানকারী : পিটার সেলার্স (নাট্য ও অপেরা নির্দেশক)ইউএসএ

প্রিয় বন্ধুগণ,

সমগ্র পৃথিবীর প্রত্যেকটা মুহূর্ত এবং ঘন্টা যখন আবদ্ধ সংগৃহীত খবরের ঘেরাটোপে, পৃথিবীর সকল সৃষ্টিশীল মানুষকে আমি আবাহন করি এই মহাকাব্যিক সময়, মহাকাব্যিক পরিবর্তন, চেতনা স্তর আর অন্তর্দৃষ্টির মহাকাব্যিক প্রতিলিখনের সঠিক নির্মাণ রূতে প্রবেশ করতে। মানব সভ্যতার এক মহাকাব্যিক পর্যায়ে আমরা বাস করছি। মানুষের নিজের সাথে, একে অন্যের সাথে, এমনকি মানুষ ব্যতিরেকে বহির্জগতের সাথে তার সম্পর্কে যে গভীর এবং ঘটনাক্রমিক পরিবর্তন আমরা প্রত্যক্ষ করছি, তাকে ধারণ করার, উচ্চারণ করার, প্রকাশ করার বা তার সম্বন্ধে কিছু বলার ক্ষমতা আমরা প্রায় হারাতে বসেছি।

আমরা খবরের অনন্ত সময়বৃত্তে বাস করছি না, আমরা বাস করছি সময়ের কিনারে। সংবাদপত্র আর গণমাধ্যম সম্পূর্ণরূপে অপ্রস্তুত এবং অক্ষম আমরা যা প্রত্যক্ষ করছি তা অনুধাবন করতে।

গভীর যে রূপান্তর এবং বিদারণ আমরা প্রত্যক্ষ করছি তাকে বোঝার সেই ভাষা, সেই চিত্রকল্প, সেই অনুশীলন আজ কোথায়? শুধুমাত্র খবর হিসেবে নয়, একটা অভিজ্ঞতালব্ধ উন্মোচন হিসেবে জীবনের সব উপাদানকে বর্তমানে আমরা কিভাবে সংবহন করতে পারি?

অভিজ্ঞতার সেই শৈল্পিক মাধ্যম হলো থিয়েটার।

প্রচার সর্বস্ব সংবাদ, কৃত্রিম অভিজ্ঞতা এবং ভয়ঙ্কর পূর্বাভাস দ্বারা ঋদ্ধ এ পৃথিবীতে কিভাবে আমরা অতিক্রম করতে পারি শুল্ক সংখ্যাতত্ত্বের নিরলস পুনরাবৃত্তিকে এবং পৌঁছতে পারি একটি ব্যক্তিগত জীবন, বন্ধুত্ব আর ব্যক্তিগত বাস্তবত্বের পবিত্র অসীমতায় অথবা একটি অপরিচিত আকাশের আলোক বিচ্ছুরণে? কোভিড-১৯ এর দুটো বছর মানুষের বোধকে আচ্ছন্ন করেছে, জীবনকে করেছে সংকীর্ণ, ছিন্ন করেছে সম্পর্ক এবং আমাদের নামিয়ে এনেছে ধ্বংস, শূন্য মানবজমিনে।

AVARTAN, 5 HILL VIEW SOCIETY, 46/4 ERANDAWANE, PAUD ROAD, PUNE, MAHARASHTRA 411038

Email: iapar.india@gmail.com

কোন্ বীজগুলিকে আমরা বারবার রোপন করতে পারি এই বছরগুলিতে আর মাত্রাতিরিক্ত গজিয়ে ওঠা কোন্ আক্রমনাত্মক প্রজাতিগুলিকে আমরা সামগ্রিকভাবে উৎপাটন করতে পারি ? মানুষ আজ দাঁড়িয়ে খাদের কিনারে। চারিদিকে শুধু হিংসার অযৌক্তিক অপ্রত্যাশিত ব্যাপ্তি। অনেক স্বীকৃত ধারণা বা পদ্ধতি এই বিদ্যমান নৃশংসতার সংস্থান হিসেবে আজ উন্মোচিত।

স্মৃতির সে উদযাপন কোথায়? আজ আমাদের কি স্মরণ রাখতে হবে ? যে পদক্ষেপ আমরা আগে কোনদিন নেইনি তার চর্চা করতে কল্পনার যে পুনঃসৃজন দরকার কোন আচার তার সন্ধান দেবে ?

মহাকাব্যিক দর্শন, উদ্দেশ্য, পুনরুদ্ধার, শুদ্ধতা এবং যত্ন সম্বলিত থিয়েটারের এখন প্রয়োজন নতুন প্রয়োগ প্রকরণ। আমরা চাই পরিসরের আদান প্রদান এবং সেই উন্মীলিত পরিসরের কর্ষণ। আমরা চাই শ্রাব্য গভীরতা এবং সাম্যবস্থার এক সুরক্ষিত পরিসর।

এই পৃথিবীর বুকে থিয়েটার এমন এক সৃষ্টি যা মানুষের সাথে ঈশ্বরের, উদ্ভিদের, পশু পাখির, বৃষ্টিকণার, আঁখিজলের এমনকি পুনরুজ্জীবনের সাম্য পরিসর তৈরি করে। সেই পরিসর আর শ্রাব্য গভীরতার উদ্ভাষ ঘটে অন্তর্লীন সৌন্দর্যের দ্বারা যা সক্রিয় থাকে সমতা, বোধ, কর্ম আর ধৈর্যের গভীর মিথস্ক্রিয়ায়।

অবতংসক সূত্রে বুদ্ধ মানবজীবনের দশ রকমের বিশেষ ধৈর্যের উল্লেখ করেছেন। তাদের মধ্যে অন্যতম শক্তিশালী হলো সবকিছুকে মরীচিকা রূপে হৃদয়ঙ্গম করার ধৈর্য। থিয়েটার সর্বদাই জাগতিক জীবনকে মরীচিকাসম বাস্তবতায় উপস্থাপিত করেছে যা অনন্য স্বচ্ছতায় এবং সক্ষমতায় আমাদের সমর্থ করেছে মানবিক বিভ্রম, হ্রাস্ততা, অন্ধতা আর নেতিবাচক মনোভাবকে অতিক্রম করতে।

আমরা কিসের দিকে তাকিয়ে এবং কিভাবে তাকিয়ে সে ব্যাপারে এত নিশ্চিত যে আমরা দেখতে পাই না, অনুভব করতে পারি না বিকল্প বাস্তবতাকে এবং তার নতুন সম্ভাবনা, ভিন্ন দৃষ্টিভঙ্গি, অদৃশ্য সম্পর্ক এবং নিরন্তর সংযোগকে।

এখন সময় নিজেদের মন, বোধ, কল্পনা, ইতিহাস আর ভবিষ্যৎকে পুনরায় সঞ্জীবিত করার। একাকী কর্মরত বিচ্ছিন্ন মানুষের ভিড় দ্বারা এ কাজ সম্ভব নয়। এ কাজ আমাদের সকলে মিলে করতে হবে। থিয়েটার আমাদের আমন্ত্রণ জানাচ্ছে একত্রিত হতে।

আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ আপনাদের কাজের জন্য।

Translated in Bangla by:

Bratin Roy, Bhabna Theatre, India